



দুর্গাপূজা নিরাপদে সম্পন্ন করতে সতর্ক থাকার আহ্বান মির্জা ফখরুলের



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর আসন্ন দুর্গাপূজা উপলক্ষে সবাইকে সজাগ থাকার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, পূজাকে ঘিরে যেকোনো হীন উদ্দেশ্য ব্যর্থ করতে নেতাকর্মী ও জনগণকে ঐক্যবদ্ধ হতে হবে। শান্তি ও সহাবস্থানের মধ্য দিয়ে দুর্গাপূজা নির্বিঘ্নে উদযাপন নিশ্চিত করতে এ সতর্কতা জরুরি।

বুধবার (১৭ সেপ্টেম্বর) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আসন্ন দুর্গাপূজা উপলক্ষে ধর্ম বা বর্ণ নির্বিশেষে সবাইকে সজাগ থাকতে হবে। তিনি বলেন, পূজাকে কেন্দ্র করে যেকোনো ধরনের হীন উদ্দেশ্য ব্যর্থ করতে রাজনৈতিক নেতারা, দলীয় কর্মী ও সাধারণ জনগণকে সক্রিয় ভূমিকা রাখতে হবে।

ফখরুল উল্লেখ করেন, কখনো কখনো স্বার্থান্বেষী মহল সুদূরপ্রসারী চক্রান্তের মাধ্যমে জাতির মধ্যে সাম্প্রদায়িক বিভাজন সৃষ্টি করে। তারা অবিশ্বাস ও আস্থার বিষাক্ত বীজ বপন করে অসৎ রাজনৈতিক স্বার্থ হাসিলের চেষ্টা করে।

বিবৃতিতে তিনি আরও বলেন, বিএনপি নেতাকর্মীসহ সমমনা দল ও জনগণ যেন সজাগ থেকে দুর্গাপূজাকে কেন্দ্র করে কোনো ষড়যন্ত্র, নাশকতা বা অরাজক পরিস্থিতি তৈরি না হতে দেয়। পূজামণ্ডপগুলোর নিরাপত্তা নিশ্চিত নেতাকর্মীদের অতন্ত্র প্রহরার মতো দায়িত্ব পালনের ওপর বিশেষ জোর দেন তিনি। শান্তি ও সহাবস্থানের মধ্য দিয়ে দুর্গাপূজা নির্বিঘ্নে সম্পন্ন হবে—এটাই তার লক্ষ্য।